দৈনিক জনকণ্ঠ

তারিখ 25 JUN 1994
পৃষ্ঠা ৭ কলাম ৫

৪৭

# শুক্রবার ক্লাস নিয়ে ক্ষতিপূরণের চেষ্টা

শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটির ঘোষিত কর্মসূচী অনুযায়ী শেখ বোরহান উদ্দিন কলেজে শুক্রবারও ক্লাস অনুষ্ঠিত হয়েছে। এর পাশাপাশি শিক্ষক আন্দোলনে যথাযথ ভূমিকা রাখার জন্য শুক্রবার সকালে কলেজের অধ্যক্ষ কাজী ফারুক আহমেদকে ছাত্র শিক্ষকরা সংবর্ধনা দেয়।

উল্লেখ্য, দীর্ঘ ধর্মঘটের পর ছাত্রছাত্রীদের কল্যাণের কথা চিন্তা করে লিয়াজোঁ কমিটি বেসরকারী স্কুল-কলেজগুলোতে সাপ্তাহিক ছুটির দিনেও ক্লাস নেয়ার কর্মসূচী গ্রহণ করেছে। সে কর্মসূচীর অংশ হিসাবেই শুক্রবার শেখ বোরহান উদ্দিন কলেজে ক্লাস অনুষ্ঠিত হয়।

(শেষ পৃষ্ঠা ১ কঃ দেখুন)

## শুক্রবার ক্লাস

(প্রথম পাতার পর)

এদিকে সদ্য সমাপ্ত শিক্ষক আন্দোলনে সফল নেতৃত্বদানের জন্য শেখ বোরহান উদ্দিন কলেজের অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ সংবর্ধিত হন। সংবর্ধনা সভায় কলেজের উপাধ্যক্ষ মোঃ নূরুল ইসলাম অধ্যাপক মোস্তাক আহমেদ মারুফ চিনু বক্তৃতা করেন। সভায় কলেজ শিক্ষক সমিতির অধ্যাপক আসাদুল হক ও অধ্যাপক আবদুর রবকেও মাল্যভূষিত করা হয়। খবর বিজ্ঞপ্তির।